



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/ ১০৭১০

তারিখঃ ২০ / ১১ / ২০১৭খ্রিঃ

বিষয় : সুপার ও সহ-সুপার এর সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে সুপার এর নিকট দায়িত্ব হস্তান্তরকরণ প্রসঙ্গে।

- সূত্র :
- ১) নং- ০৫.০০.০৮৫৪.০০০.০০.০৮.১৬-৫৬৮; তারিখঃ ২৮.০৯.২০১৬খ্রিঃ
 - ২) নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/২০৯৯; তারিখঃ ২৬ অক্টোবর ২০১৬খ্রিঃ
 - ৩) স্মারক নং- ০৫.১০.৭৮০০.০২০.১০.০০২.১৭-১৬১; তারিখঃ ১৬ জুলাই ২০১৭
 - ৪) নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/২৬৮৪; তারিখঃ ১৬/০৮/২০১৭খ্রিঃ

M.C.
17/10/17

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বড় ডালিমা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ নুরুল আমিনের বিরুদ্ধে অনিয়ম, বে-আইনি কার্যকলাপ, অর্থ আত্মসাৎ, অসদাচরণ, ক্ষমতার অপব্যবহারসহ বিভিন্ন দুর্নীতির বিষয়ে মাদ্রাসার সহ-সুপার মাওঃ মোঃ আবদুল হাকিম একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য অত্র দপ্তর হতে উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদনে দেখা যায়, মাদ্রাসাটি বর্তমানে আইন ও নিয়ম বহির্ভূত এবং বিশৃঙ্খলভাবে পরিচালিত হচ্ছে মর্মে মন্তব্য করা হয়।

অপরদিকে সভাপতি মোঃ নুরুল আমিন উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী এর তদন্ত প্রতিবেদনের বিষয়ে আপত্তি জানিয়ে পুনঃ তদন্তের জন্য আবেদন করেন। অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে জেলা প্রশাসক, পটুয়াখালীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে অতিরিক্ত জেলা প্রশাসক, পটুয়াখালী সূত্রে বর্ণিত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে সুপার ও সহ-সুপারকে বেআইনীভাবে বরখাস্ত করার বিষয়টি তদন্তে প্রমাণিত হয়।

এ বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সাবেক কমিটির সভাপতি এবং বর্তমান ভারপ্রাপ্ত সুপারকে সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে পত্র দেয়া হলে যে জবাব দাখিল করার হয়েছে তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজন প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায় সভাপতি কর্তৃক বিধি বহির্ভূতভাবে সুপার ও সহ-সুপারকে বরখাস্ত করা এবং ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব কনিষ্ঠ শিক্ষককে প্রদান করায় পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সুপার ও সহ-সুপার এর সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে ভারপ্রাপ্ত সুপারকে সুপার এর নিকট দায়িত্ব হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

28-11-17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (কটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

২৭/১১/১৭

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, বড় ডালিমা দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।

২) ভারপ্রাপ্ত সুপার, বড় ডালিমা দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/ ১০৭১০

তারিখঃ ২০ / ১১ / ২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৪. সুপার, বড় ডালিমা দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।
৫. মাওঃ মোঃ আবদুল হাকিম, সহ-সুপার, বড় ডালিমা দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪